# উপজেলা পরিষদের জানুয়ারী/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ,নীলফামারী।

তারিখ ঃ ০৯ জানুয়ারী, ২০২০ খ্রিঃ। সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ক তে দেখানো হলো।

সভাপতি মুজিব বর্ষে জাতির পিতাসহ সকল শহীদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদনপূর্বক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সভা পরিচালনার দায়িত্ব নিয়ে মুজিব বর্ষে জাতীর পিতাসহ সকল শহীদের আত্মার শান্তি কামনা করে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বোরো মৌসুমে মোট ১১১৫০ হেক্টর জমিতে ধান চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত প্রায় ১০ হেক্টর জমিতে বোরো ধান লাগানো হয়েছে। আবহাওয়া খারাপ থাকায় বীজতলার কোথাও কোথাও ক্ষতি হচ্ছে। কৃষককে বীজতলা সুরক্ষায় পরামর্শ প্রদান করা হচ্ছে। অন্যান্য ফসরে অবস্থা ভাল।রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। | কৃষি ক্ষেত্রে উন্নয়নের ধারা অব্যাহত রাখার নিমিত্ত যুগোপযোগী পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেয়া হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সভায় জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলছে। বর্তমান ০৯ জন ডাক্তার কর্মরত থাকায় জনগণের স্বাস্থ্য সেবা প্রদানের মান উন্নত হয়েছে। | জনগণের স্বাস্থ্য সেবার মান উন্নত করার জন্য পরামর্শ দেয়া হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি এডিপি'র ২০১৯-২০ অর্থ বছরের গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।(পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য) । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ অনুমোদন দেয়া হয় এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | প্রাণি সম্পদ উন্নয়নে জনগণকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি. সম্পদ,অফিসার, কিশোরগঞ্জ |
| ০৫ | মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | মৎস্য সম্পদ উন্নয়নে কাজ করার পরামর্শ দেয়া হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা,কিশোরগঞ্জ |
| ০৬ | ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | নির্দিষ্ট সময়ে সরকারী কাজ সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান যে, সকল প্রকার ভাতাভোগীর বরাদ্দ পাওয়া গেছে। তিনি দ্রুত ভাতাভোগী নির্বাচনে সকলের সহযোগিতা কামনা করেন। | নির্দিষ্ট সময়ে ভাতাভোগী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। ১ জানুয়ারী বই বিতরণ নিশ্চিত করা হয়েছে। বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চলছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সার্বিক প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার,কিশোরগঞ্জ |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পরামর্শ দেয়া হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১০ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা কার্যক্রমের আওতায় ইউনিয়ন প্রতি ৮০ জন করে উপকারভোগীর তালিকা পাওয়া গেছে। যাচাই-বাছাই কার্যক্রম শেষ পর্যায়। এ কাজে সহযোগিতার জন্য সকল চেয়ারম্যানকে ধন্যবাদ জানান। | নির্দিষ্ট সময়ের মধ্যে উপকারভোগীর ভাতা প্রদান নিশ্চিত করনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মহিলা বিষয়ক কর্মকর্তা,কিশোরগঞ্জ, নীলফামারী।<br>২। চেয়ারম্যান,সকল ইউপি। |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,কিশোরগঞ্জ। |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, নিতাই ইউনিয়নের পানিয়ালপুকুর আদর্শ বিদ্যালয় সংলগ্ন স্থানে কমিনিউটি ল্যাট্রিন নির্মাণের কাজ চলমান,রিং ওয়েল এবং রেইনওয়াটার হারভেস্টিং এর কাজ চলমান আছে। | জনস্বার্থে বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ, |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে,ডিসেম্বর/১৯ মাসে শেয়ার আদায়= ৪,০০০/-টাকা,সঞ্চয় আদায়=১৫,০০০/-টাকা ঋণ বিতরণ= ৩,৬৫,০০০/-টাকা,ঋণ আদায়= ২,৫৭,০০০/-টাকা । উদকনিক প্রকল্পের ১৯তম ব্যাচের প্রশিক্ষণ চলমান। বিআরডিপি-৩ এ প্রকল্পে ৪টি স্কীমের কাজ চলমান | জনস্বার্থে বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,কিশোরগঞ্জ। |
| ১৫ | বন ও পরিবেশ অধিদপ্তর | ফরেস্টার, সামাজিক বনায়ন বিভাগ(অতিঃদায়িত্ব), সভায় জানান যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শত বার্ষিকী উপলক্ষ্যে সারা দেশ ব্যাপী ১(এক)কোটি চারা রোপনের অংশ হিসেবে এ উপজেলায় ২০,৩২৫টি চারা উত্তোলন কাজ চলছে। যা বিনামূল্যে বিতরণ করা হবে। | সরকারী সিদ্ধান্ত নির্দিষ্ট সময়ে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিনামূল্যে ২০২০ শিক্ষা বর্ষের পাঠ্যপুস্তক চাহিদা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিতরণ করা হয়েছে। | শিক্ষার মান উন্নয়নে সার্বিক প্রচেষ্টা অব্যাহ রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ । |
| ১৭ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা-সভায় জানান, একটি বাড়ী একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক,কিশোরগঞ্জ শাখার,নীলফামারী এর আওতায় বর্তমানে সরকারী বিধি মোতাবেক সদস্য সংগ্রহ কার্যক্রম চলমান। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করার জন্য পরামর্শ দেয়া হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা,কিশোরগঞ্জ, নীলফামারী |
| ১৮ | বিবিধ-১ | চেয়ারম্যান,গাড়াগ্রাম ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের সংরক্ষিত মহিলা আসন ক্রমিক নং অনুযায়ী না হওয়ায় ভোটারের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। তাই সংরক্ষিত মহিলা আসন বিন্যাস পূনঃবিন্যাসের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে সংশ্লিষ্ট অফিসে পত্র যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জরুরী প্রয়োজনে ডিসেম্বর/১৯ মাসে পরিষদের বাসাবাড়ী ও অফিসসমূহে নিম্নোক্ত ব্যয় করা হয়েছে। (১)উপজেলা নির্বাহী অফিসারের বাসার মাটি পরীক্ষা বাবদ=১১,৭০০/-(এগারো হাজার সাতশত) টাকা পরিষদে রাস্তা ও অফিসসমূহে বৈদ্যুতক বাল্ব, ও অন্যান্য যন্ত্রাংশ ইত্যাদি ক্রয় বাবদ = ৮,৬৮০/-(আট হাজার ছয়শত আশি) টাকা (২) মডেম রিচার্জ/ইন্টারনেট বিল বাবদ=২,৩০০/-( দুই হাজার তিনশত পঞ্চাশ) টাকা, (৩) কম্পিউটারের কালি ক্রয় ও প্রিন্টার মেরামত বাবদ= ৫,২০০/-(পাঁচ হাজার দুই শত) টাকা, (৪) ৪নং ও ৫নং বাসার ল্যাট্রিনের সোকয়েল ও সেফটি ট্যাংকি নির্মান,পাইপ লাগানে বাবদ = ৩৮,০৮০০/-( আটত্রিশ হাজার আশি) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়সমূহ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ডিসেম্বর/১৯ মাসের ব্যয়সমূহ অনুমোদন ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে সমন্বয়ের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলাপরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী। ২।উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষন করা হয়।

( শাহ্ মোঃ আবুল কালাম বারী)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭/০১/২০২০